# ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩

## সূচি

**ধারাসমূহ**

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

২। সংজ্ঞা

৩। আইনের প্রাধান্য

৪। কতিপয় অধ্যাদেশের কার্যকারিতা প্রদান

৫। হেফাজতকরণ

৬। তফসিল সংশোধনের ক্ষমতা

৭। বিধি প্রণয়নের ক্ষমতা

৮। রহিতকরণ

**তফসিল**

---

# ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩

## ২০১৩ সনের ৭ নং আইন

[২৬ ফেব্রুয়ারি, ২০১৩]

**১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকর করিবার লক্ষ্যে প্রণীত আইন।**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত অধ্যাদেশসমূহ অনুমোদন ও সমর্থন (ratification and confirmation) সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহ কার্যকারিতা হারাইয়াছে; এবং

যেহেতু সিভিল আপীল নং ৪৮/২০১১ এ সুপ্রীমকোর্টের আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন) এর ধারা ৩ এবং বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলে ১৯ অনুচ্ছেদ বাতিল ঘোষিত হওয়ায় উক্ত সময়ের মধ্যে জারীকৃত উক্ত অধ্যাদেশসমূহ কার্যকারিতা হারাইয়াছে; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহ ও উহাদের অধীনে প্রণীত বিধি, প্রবিধান বা আদেশবলে কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত, গৃহীত বা সূচীত বলিয়া বিবেচিত কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ আইনের শাসন, জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা বহাল ও অক্ষুণ্ন রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উহাদের কার্যকারিতা প্রদান আবশ্যক; এবং

যেহেতু উক্ত সময়ে জারীকৃত কতিপয় সংশোধনী অধ্যাদেশ (amending Ordinances) দ্বারা প্রচলিত আইন সংশোধন করা হইয়াছে বিধায় আইনের শাসন, জনগণের অর্জিত অধিকার সংরক্ষণ এবং প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা বহাল ও অক্ষুণ্ন রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উহাদের কার্যকর রাখা আবশ্যক; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের অধীন সূচীত কার্যধারাসমূহ বা গৃহীত ব্যবস্থা বা কাজ-কর্ম বর্তমানে অনিষ্পন্ন বা চলমান থাকিলে, জনস্বার্থে, উক্ত কার্যধারাসমূহ বা গৃহীত ব্যবস্থা বা কাজ-কর্ম চলমান রাখা আবশ্যক; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশ কার্যকারিতা হারাইবার ফলে সৃষ্ট আইনী শূন্যতা পূরণ করিবার লক্ষ্যে আশু ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে মর্মে রাষ্ট্রপতির নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হওয়ায় এবং সংসদ অধিবেশনে না থাকিবার কারণে বিগত ২১ জানুয়ারি ২০১৩ তারিখে রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে উক্ত অধ্যাদেশসমূহকে তফসিলভুক্ত করিয়া ২০১৩ সালের ২ নম্বর অধ্যাদেশ জারী করেন; এবং

যেহেতু সংবিধানের ৯৩(২) অনুচ্ছেদের নির্দেশনা পূরণকল্পে, নবম জাতীয় সংসদের ১৬তম অধিবেশনের ২৭ জানুয়ারি ২০১৩ তারিখে অনুষ্ঠিত প্রথম বৈঠকে ২০১৩ সালের ২নং অধ্যাদেশ উপস্থাপিত হইয়াছে এবং উহার পরবর্তী ৩০ দিন অতিবাহিত হইলে অধ্যাদেশটির কার্যকরতা লোপ পাইবে; এবং

যেহেতু দীর্ঘসময় পূর্বে জারীকৃত অধ্যাদেশসমূহ যাচাই-বাছাইপূর্বক বাংলায় নূতনভাবে আইন প্রণয়ন করা সময় সাপেক্ষ; এবং

যেহেতু উপরি-বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর করা সমীচীন ও প্রয়োজন;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

১। (১) এই আইন ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে ––

(ক) "অধ্যাদেশ" অর্থ ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত ধারা ৪ এ উল্লিখিত অধ্যাদেশসমূহ; এবং

(খ) "তফসিল" অর্থ এই আইনের তফসিল।

আইনের প্রাধান্য

৩। আপাততঃ বলবৎ অন্য কোন আইনে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী কার্যকর থাকিবে।

কতিপয় অধ্যাদেশের কার্যকারিতা প্রদান

৪। ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর তারিখ পর্যন্ত (উভয় দিনসহ) সময়ের মধ্যে জারীকৃত ––

(ক) তফসিলভুক্ত অধ্যাদেশসমূহ, এবং

(খ) অন্যান্য অধ্যাদেশসমূহ দ্বারা প্রচলিত কোন আইন, আদেশ বা অধ্যাদেশ সংশোধন করা হইয়া থাকিলে উক্ত সংশোধনী অধ্যাদেশসমূহ (amending Ordinances),

এমনভাবে কার্যকর থাকিবে যেন উহা এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, জাতীয় সংসদ কর্তৃক প্রণীত কোন আইন :

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন **১৯৮২** সালের ২৪ মার্চ হইতে **১৯৮৬** সালের **১১** নভেম্বর তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ করা হইলেও যতটুকু উহাদের বিষয়বস্তুর (contents) সহিত সংশ্লিষ্ট শুধুমাত্র ততটুকু গ্রহণ করা হইয়াছে মর্মে গণ্য হইবে এবং উক্ত সময়কালে অবৈধ ও অসাংবিধানিকভাবে রাষ্ট্রক্ষমতায় আসীন সামরিক শাসন আমলের কৃতকর্মের অনুমোদন ও সমর্থন (confirmation and ratification) করা হইয়াছে বলিয়া কোনক্রমেই বিবেচিত হইবে না।

হেফাজতকরণ

**৫**। (১) অধ্যাদেশসমূহ ও উহাদের অধীন প্রণীত বিধি, প্রবিধান বা আদেশবলে কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহ, অথবা প্রণীত, কৃত, গৃহীত বা সূচিত বলিয়া বিবেচিত কাজ-কর্ম, ব্যবস্থা বা কার্যধারাসমূহ এমনভাবে নিষ্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে যেন এই আইনের বিধানাবলী বলবৎ ছিল।

(২) অধ্যাদেশসমূহের অধীন দায়েরকৃত কোন মামলা বা সূচিত কোন কার্যধারা বা গৃহীত কোন কাজ-কর্ম বা ব্যবস্থা নিষ্পন্নাধীন থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করা যাইবে যেন উহা সংশ্লিষ্ট অধ্যাদেশের অধীন দায়েরকৃত বা সূচিত বা গৃহীত হইয়াছে।

(৩) অধ্যাদেশসমূহের অধীন কৃত কাজ-কর্ম, গৃহীত ব্যবস্থা বা কার্যধারাসমূহের ফলস্বরূপ কোন প্রতিকার বা করণীয় বাস্তবায়নের স্বার্থে উক্ত প্রতিকার বা করণীয় পদক্ষেপ সংশ্লিষ্ট অধ্যাদেশের অধীন বাস্তবায়িত হইবে।

তফসিল সংশোধনের ক্ষমতা

**৬**। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।

বিধি প্রণয়নের ক্ষমতা

**৭**। এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

রহিতকরণ

**৮**। **১৯৮২** সালের ২৪ মার্চ হইতে **১৯৮৬** সালের ১০ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) অধ্যাদেশ, ২০১৩ (২০১৩ সনের ২নং অধ্যাদেশ), এতদ্দ্বারা রহিত করা হইল।

## তফসিল

### [ ধারা ২(খ) দ্রষ্টব্য ]

[১][***]

(২) The Medical Practice and Private Clinics and Laboratories (Regulation) Ordinance, 1982 (Ordinance No. IV of 1982).

[২][***]

(৪) The Zakat Fund Ordinance, 1982 (Ordinance No. VI of 1982).

(৫) The Drugs (Control) Ordinance, 1982 (Ordinance No. VIII of 1982).

[৩][***]

[৪][***]

[৫][***]

(৯) The Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 (Ordinance No. XX of 1982).

[৬][***]

---

১ ক্রমিক নং ১ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (Ordinance No. II of 1982)" এস, আর, ও নং ২৪৩-আইন/২০১৮ এর দ্বারা বিলুপ্ত।

২ ক্রমিক নং ৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Abandoned Children (Special Provisions) (Repeal) Ordinance, 1982 (Ordinance No. V of 1982)" এস, আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

৩ ক্রমিক নং ৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Standards of Weights and Measures Ordinance, 1982 (Ordinance No. XII of 1982)" এস, আর, ও নং ৩৬-আইন/২০১৯ এর দ্বারা বিলুপ্ত।

৪ ক্রমিক নং ৭ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Flag Vessels (Protection) Ordinance, 1982 (Ordinance No. XIV of 1982)" এস, আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

৫ ক্রমিক নং ৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Finance Ordinance, 1982 (Ordinance No. XVI of 1982)" এস, আর, ও নং ২৫২-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

৬ ক্রমিক নং ১০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Emigration Ordinance, 1982 (Ordinance No. XXIX of 1982)" এস, আর, ও নং ২৫৭-আইন/২০১৪ এর দ্বারা বিলুপ্ত।

[১][***]

[২][***]

(১৩) The Attia Forest (Protection) Ordinance, 1982 (Ordinance No. XXXIII of 1982).

[৩][***]

[৪][***]

[৫][***]

[৬][***]

[৭][***]

[৮][***]

---

১ ক্রমিক নং ১১ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Veterinary Practitioners Ordinance, 1982 (Ordinance No. XXX of 1982)" এস, আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

২ ক্রমিক নং ১২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Foreign Contributors (Rrgulation) Ordinance, 1982 (Ordinance No. XXXI of 1982)" এস, আর, ও নং ৩৪০-আইন/২০১৭ এর দ্বারা বিলুপ্ত।

৩ ক্রমিক নং ১৪ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982 (Ordinance No. XXXIV of 1982)" এস, আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

৪ ক্রমিক নং ১৫ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Haor Development Board (Dissolution) Ordinance, 1982 (Ordinance No. XXXVII of 1982)" এস, আর, ও নং ৩৮৩-আইন/২০১৯ এর দ্বারা বিলুপ্ত।

৫ ক্রমিক নং ১৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Off-shore Islands Development Board (Dissolution) Ordinance, 1982 (Ordinance No. XXXVIII of 1982)" এস, আর, ও নং ২৫২-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

৬ ক্রমিক নং ১৭ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Institute of Islamic Education and Research (Repeal) Ordinance, 1982 (Ordinance No. XLIII of 1982)" এস, আর, ও নং ৩০৪-আইন/২০১৮ এর দ্বারা বিলুপ্ত।

৭ ক্রমিক নং ১৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Hotels and Restaurants Ordinance, 1982 (Ordinance No. LII of 1982)" এস, আর, ও নং ৬৩-আইন/২০১৫ এর দ্বারা বিলুপ্ত।

৮ ক্রমিক নং ১৯ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Rural Development Board Ordinance, 1982 (Ordinance No. LIII of 1982)" এস, আর, ও নং ২৪৩-আইন/২০১৮ এর দ্বারা বিলুপ্ত।

[১][***]

[২][***]

(২২) The Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ordinance No. XXVI of 1983).

[৩][***]

[৪][***]

(২৫) The Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance, 1983 (Ordinance No. XXXII of 1983).

[৫][***]

[৬][***]

(২৮) The Bangladesh Homoeopathic Practitioners Ordinance, 1983 (Ordinance No. XLI of 1983).

[৭][***]

---

১ ক্রমিক নং ২০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Fish and Fish Products (Inspection and Quality Control) Ordinance, 1983 (Ordinance No. XX of 1983)” এস, আর, ও নং ১৯১-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

২ ক্রমিক নং ২১ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Bangladesh Railway Board (Repeal) Ordinance, 1983 (Ordinance No. XXIV of 1983)” এস, আর, ও নং ৬৩-আইন/২০১৫ এর দ্বারা বিলুপ্ত।

৩ ক্রমিক নং ২৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Finance Ordinance, 1983 (Ordinance No. XXVII of 1983)” এস, আর, ও নং ২৫২-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

৪ ক্রমিক নং ২৪ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Bangladesh Irrigation Water Rate Ordinance, 1983 (Ordinance No. XXXI of 1983)” এস, আর, ও নং ০৫-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

৫ ক্রমিক নং ২৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Marine Fisheries Ordinance, 1983 (Ordinance No. XXXV of 1983)” এস, আর, ও নং ১৯১-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

৬ ক্রমিক নং ২৭ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The National Archives Ordinance, 1983 (Ordinance No. XXXIX of 1983)” এস, আর, ও নং ৩০৯-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

৭ ক্রমিক নং ২৯ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Primary Education (Repeal) Ordinance, 1983 (Ordinance No. XLV of 1983)” এস, আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

[১][***]

[২][***]

[৩][***]

(৩৩) The Chief Election Commissioner and Election Commissioners (Remuneration and Privileges) Ordinance, 1983 (Ordinance No. LVI of 1983).

[৪][***]

[৫][***]

[৬][***]

(৩৭) The Santosh Islamic University (Board of Trustees) Ordinance, 1983 (Ordinance No. LXV of 1983).

[৭][***]

---

[১] ক্রমিক নং ৩০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Grameen Bank Ordinance, 1983 (Ordinance No. XLVI of 1983)" এস, আর, ও নং ২৫৭-আইন/২০১৪ এর দ্বারা বিলুপ্ত।

[২] ক্রমিক নং ৩১ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Jatiya Jadughar Ordinance, 1983 (Ordinance No. LIII of 1983)" এস, আর, ও নং ১০৫-আইন/২০২২ এর দ্বারা বিলুপ্ত।

[৩] ক্রমিক নং ৩২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Motor Vehicles Ordinance, 1983 (Ordinance No. LV of 1983)" এস, আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

[৪] ক্রমিক নং ৩৪ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The National Curriculum and Text-Book Board Ordinance, 1983 (Ordinance No. LVII of 1983)" এস, আর, ও নং ৩৬-আইন/২০১৯ এর দ্বারা বিলুপ্ত।

[৫] ক্রমিক নং ৩৫ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Krira Shikkha Protishtan Ordinance, 1983 (Ordinance No. LVIII of 1983)" এস, আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

[৬] ক্রমিক নং ৩৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Nursing Council Ordinance, 1983 (Ordinance No. LXI of 1983)" এস, আর, ও নং ৩৪০-আইন/২০১৭ এর দ্বারা বিলুপ্ত।

[৭] ক্রমিক নং ৩৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Hindu Religious Welfare Trust Ordinance, 1983 (Ordinance No. LXVIII of 1983)" এস, আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

[১][***]

[২][***]

(৪১) The Foreign Voluntary Organisations (Acquisition of Immovable Property) Regulation Ordinance, 1983 (Ordinance No. LXXIII of 1983).

[৩][***]

(৪৩) The Land Reforms Ordinance, 1984 (Ordinance No. X of 1984).

[৪][***]

[৫][***]

[৬][***]

[৭][***]

[৮][***]

---

১ ক্রমিক নং ৩৯ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Buddhist Religious Welfare Trust Ordinance, 1983 (Ordinance No. LXIX of 1983)" এস, আর, ও নং ২৪৩-আইন/২০১৮ এর দ্বারা বিলুপ্ত।

২ ক্রমিক নং ৪০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Christian Religious Welfare Trust Ordinance, 1983 (Ordinance No. LXX of 1983)" এস, আর, ও নং ২৪৩-আইন/২০১৮ এর দ্বারা বিলুপ্ত।

৩ ক্রমিক নং ৪২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Institute of Nuclear Agriculture Ordinance, 1984 (Ordinance No. II of 1984)" এস, আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

৪ ক্রমিক নং ৪৪ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Agricultural Labour (Minimum Wages) Ordinance, 1984 (Ordinance No. XVII of 1984)" এস, আর, ও নং ২৭২-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

৫ ক্রমিক নং ৪৫ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Public Administration Training Centre Ordinance, 1984 (Ordinance No. XXVI of 1984)" এস, আর, ও নং ৩৬-আইন/২০১৯ এর দ্বারা বিলুপ্ত।

৬ ক্রমিক নং ৪৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Institute of International and Strategic Studies Ordinance, 1984 (Ordinance No. XXVII of 1984)" এস, আর, ও নং ২৫৭-আইন/২০১৪ এর দ্বারা বিলুপ্ত।

৭ ক্রমিক নং ৪৭ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Livestock Research Institute Ordinance, 1984 (Ordinance No. XXVIII of 1984)" এস, আর, ও নং ৩৬-আইন/২০১৯ এর দ্বারা বিলুপ্ত।

৮ ক্রমিক নং ৪৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Industrial Relations (Regulation) (Repeal) Ordinance, 1984 (Ordinance No. XXXII of 1984)" এস, আর, ও নং ২৬২-আইন/২০১৪ এর দ্বারা বিলুপ্ত।

[১][***]

(৫০) The Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984).

[২][***]

[৩][***]

[৪][***]

[৫][***]

(৫৫) The Districts (Extension to the Chittagong Hill-tracts) Ordinance, 1984 (Ordinance No. LXXI of 1984).

[৬][***]

[৭][***]

---

১ ক্রমিক নং ৪৯ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Breast-Milk Substitutes (Regulation of Marketing) Ordinance, 1984 (Ordinance No. XXXIII of 1984)” এস, আর, ও নং ২৫৭-আইন/২০১৪ এর দ্বারা বিলুপ্ত।

২ ক্রমিক নং ৫১ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Bangladesh WomenÕs Rehabilitation and Welfare Foundation (Repeal) Ordinance, 1984 (Ordinance No. XXXVII of 1984)” এস, আর, ও নং ১৮-আইন/২০১৬ এর দ্বারা বিলুপ্ত।

৩ ক্রমিক নং ৫২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Nazrul Institute Ordinance, 1984 (Ordinance No. XXXIX of 1984)” এস, আর, ও নং ২৪৩-আইন/২০১৮ এর দ্বারা বিলুপ্ত।

৪ ক্রমিক নং ৫৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Finance Ordinance, 1984 (Ordinance No. XLII of 1984)” এস, আর, ও নং ২৫২-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

৫ ক্রমিক নং ৫৪ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Fisheries Research Institute Ordinance, 1984 (Ordinance No. XLV of 1984)” এস, আর, ও নং ৩৬-আইন/২০১৯ এর দ্বারা বিলুপ্ত।

৬ ক্রমিক নং ৫৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “ভূমি-খতিয়ান (পার্বত্যগ্রাম) অধ্যাদেশ, ১৯৮৫ (১৯৮৫ সনের ২ নং )” এস, আর, ও নং ৩০৫-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

৭ ক্রমিক নং ৫৭ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি “The Public Servants (Dismissal on Conviction) Ordinance, 1985 (Ordinance No. V of 1985)” এস, আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

[১][***]

(৫৯) The Family Courts Ordinance, 1985 (Ordinance No. XVIII of 1985).

[২][***]

[৩][***]

(৬২) The Government Primary School Teachers Welfare Trust Ordinance, 1985 (Ordinance No. XXVI of 1985).

[৪][***]

[৫][***]

[৬][***]

[৭][***]

[৮][***]

[৯][***]

---

১ ক্রমিক নং ৫৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Ghousul Azam Abdul Qader Jillani Mosque Trust (Repeal) Ordinance, 1985 (Ordinance No. XVII of 1985)" এস, আর, ও নং ৯১-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

২ ক্রমিক নং ৬০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Oil, Gas and Mineral Corporation Ordinance, 1985 (Ordinance No. XXI of 1985)" এস, আর, ও নং ৩৬৫-আইন/২০২২ এর দ্বারা বিলুপ্ত।

৩ ক্রমিক নং ৬১ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Surplus Public Servants Absorption Ordinance, 1985 (Ordinance No. XXIV of 1985)" এস, আর, ও নং ৩৪০-আইন/২০১৭ এর দ্বারা বিলুপ্ত।

৪ ক্রমিক নং ৬৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Ground Water Management Ordinance, 1985 (Ordinance No. XXVII of 1985)" এস, আর, ও নং ২৪৩-আইন/২০১৮ এর দ্বারা বিলুপ্ত।

৫ ক্রমিক নং ৬৪ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Finance Ordinance, 1985 (Ordinance No. XXXII of 1985)" এস, আর, ও নং ২৫২-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

৬ ক্রমিক নং ৬৫ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Bridge Authority Ordinance, 1985 (Ordinance No. XXXIV of 1985)" এস, আর, ও নং ৩৪০-আইন/২০১৭ এর দ্বারা বিলুপ্ত।

৭ ক্রমিক নং ৬৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Standards and Testing Institution Ordinance, 1985 (Ordinance No. XXXVII of 1985)" এস,আর, ও নং ২৭৫-আইন/২০২০ এর দ্বারা বিলুপ্ত।

৮ ক্রমিক নং ৬৭ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Civil Aviation Authority Ordinance, 1985 (Ordinance No. XXXVIII of 1985)" এস, আর, ও নং ৩৪০-আইন/২০১৭ এর দ্বারা বিলুপ্ত।

৯ ক্রমিক নং ৬৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Youth Welfare Fund Ordinance, 1985 (Ordinance No. XL of 1985)" এস, আর, ও নং ৩৪০-আইন/২০১৭ এর দ্বারা বিলুপ্ত।

(৬৯) The Khulna Metropolitan Police Ordinance, 1985 (Ordinance No. LII of 1985).

(৭০) The Abandoned Buildings (Supplementary Provisions) Ordinance, 1985 (Ordinance No. LIV of 1985).

(৭১) The Chittagong Shahi Jame Masjid Ordinance, 1986 (Ordinance No. II of 1986).

[১][***]

[২][***]

(৭৪) The Police (Non-Gazetted Employees) Welfare Fund Ordinance, 1986 (Ordinance No. XXXIII of 1986).

[৩][***]

[৪][***]

(৭৭) The Development Board Laws (Repeal) Ordinance, 1986 (Ordinance No. XLVI of 1986).

(৭৮) The Public Corporations (Management Co-ordination) Ordinance, 1986 (Ordinance No. XLVIII of 1986).

[৫][***]

[৬][***]

[৭][***]

---

[১] ক্রমিক নং ৭২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Official Vehicles (Regulation of Use) Ordinance, 1986 (Ordinance No. VI of 1986)" এস, আর, ও নং ৩৪০-আইন/২০১৭ এর দ্বারা বিলুপ্ত।

[২] ক্রমিক নং ৭৩ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Drugs (Supplementary Provisions) Ordinance, 1986 (Ordinance No. XIII of 1986)" এস, আর, ও নং ৩০৭-আইন/২০২২ এর দ্বারা বিলুপ্ত।

[৩] ক্রমিক নং ৭৫ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Special Security Force Ordinance, 1986 (Ordinance No. XLIII of 1986)" এস, আর, ও নং ৩৫৯-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

[৪] ক্রমিক নং ৭৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Finance Ordinance, 1986 (Ordinance No. XLV of 1986)" এস, আর, ও নং ২৫২-আইন/২০২১ এর দ্বারা বিলুপ্ত।

[৫] ক্রমিক নং ৭৯ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Rajshahi Krishi Unnayan Bank Ordinance, 1986 (Ordinance No. LVIII of 1986)" এস, আর, ও নং ৬৩-আইন/২০১৫ এর দ্বারা বিলুপ্ত।

[৬] ক্রমিক নং ৮০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Cha Sramik Kallyan Fund Ordinance, 1986 (Ordinance No. LXII of 1986)" এস, আর, ও নং ৩৪০-আইন/২০১৭ এর দ্বারা বিলুপ্ত।

[৭] ক্রমিক নং ৮১ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রি "The Bangladesh Academy for Rural Development Ordinance, 1986 (Ordinance No. LXIV of 1986)" এস, আর, ও নং ৩৪০-আইন/২০১৭ এর দ্বারা বিলুপ্ত।